এনএসএসডি ঢাকা
নামাপাড়া, খিলক্ষেত
ঢাকা - ১২২৯



ফোনঃ ৯৭০৪০২৮ বর্ধিতঃ ৪০০৮
ইমেইলঃ nssddhk@navy.mil.bd

এনএসএসডি/বিজ্ঞপ্তি/২৬ ৩১ আগস্ট ২০২৬

**নৌ সদর হতে ফেরতকৃত সরবরাহকারীগণের নমুনা সংগ্রহকরণ প্রসংগে**

সুত্রঃ

ক। এনএসএসডি/ বিজ্ঞপ্তি/ ২৬ তারিখ ০৭ জুন ২০২৬।

১। এতদ্বারা এনএসএসডি ঢাকার তালিকাভূক্ত সকল সরবরাহকারীগণকে অবগত করা যাচ্ছে যে, আহবানকৃত দরপত্রের বিপরীতে সরবরাহকারীগণ কর্তৃক প্রদানকৃত এবং নৌ সদর হতে প্রাপ্ত অগ্রহণযোগ্য নমুনাসমূহ সাধারণত অত্র সংস্থার স্যাম্পল স্টোরে সংরক্ষিত থাকে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নমুনাসমূহ সরবরাহকারীগণ যথাসময়ে সংগ্রহ না করায় দীর্ঘদিন ধরে সংরক্ষিত অবস্থায় রয়েছে এবং নষ্ট হয়ে যাওয়ার উপক্রম হচ্ছে। এছাড়া স্টোরের সীমিত ধারণক্ষমতার কারণে নমুনাসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা ক্রমেই কঠিন হয়ে পড়ছে। এ বিষয়ে পূর্বে একাধিকবার পত্রের মাধ্যমে অবহিত করা সত্ত্বেও অনেক সরবরাহকারী এখনও তাঁদের ফেরতকৃত নমুনা সংগ্রহ করেননি। আসন্ন বাৎসরিক পরিদর্শন ২০২৬ এর পূর্ব প্রস্তুতির লক্ষ্যে সংশ্লিষ্ট সকল সরবরাহকারীকে আগামী ০৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে নৌ সদর হতে প্রাপ্ত অগ্রহণযোগ্য নমুনাসমূহ অত্র সংস্থার স্যাম্পল স্টোর হতে জরুরী ভিত্তিতে সংগ্রহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। উপরোল্লিখিত বক্তব্যের আলোকে, নির্ধারিত সময়ের মধ্যে নমুনা সংগ্রহ না করলে কর্তৃপক্ষের নির্দেশক্রমে উক্ত নমুনাসমুহ ধ্বংস বা পরিত্যাগের ব্যবস্থা গ্রহণ করা হবে। পরবর্তীতে এ বিষয়ে সরবরাহকারীগণের কোন প্রকার দাবি গ্রহণযোগ্য হবে না।

৩। প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

মোঃ মোহতাসিম সিফাত
লেঃ বিএন
পক্ষে ভারপ্রাপ্ত কর্মকর্তা

বিতরণঃ

বহিস্থঃ

কার্যঃ

তালিকাভূক্ত সরবরাহকারীগণ - ই-মেইল এর মাধ্যমে।

অন্তস্থঃ

অবগতিঃ

আইটি শাখা, এনএসএসডি - ওয়েব সাইটে প্রদর্শনের জন্য।